

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪)  
৩৭/৩/এ, পুরাতন এলিফ্যান্ট রোড (ইস্কাটন গার্ডেন)  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)

তারিখ: ৩০/০৪/২০২৫

### প্রেস বিজ্ঞপ্তি

গত ২১ এপ্রিল ২০২৫ তারিখ জাপানের টোকিওতে জাপান ফেয়ার ট্রেড কমিশন এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মধ্যে সহযোগিতা স্মারক (MoC) স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষে চেয়ারপার্সন জনাব এ এইচ এম আহসান এবং জাপান ফেয়ার ট্রেড কমিশনের পক্ষে চেয়ারম্যান জনাব কাজুয়ুকি ফুবুয়া সহযোগিতা স্মারকে স্বাক্ষর করেন। এ সময় জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মো: দাউদ আলী, জাপান ফেয়ার ট্রেড কমিশনের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের মহাপরিচালক জনাব মাশায়া সাকুমা সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সহযোগিতা স্মারক স্বাক্ষরের ফলে দুই দেশের প্রতিযোগিতা কমিশনের মাঝে তথ্য আদান-প্রদান, প্রশিক্ষণসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি পাবে মর্মে দুই দেশের প্রতিযোগিতা কমিশনের প্রধানগণ আশাবাদ ব্যক্ত করেন। সহযোগিতা স্মারকের অংশ হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জাপান ফেয়ার ট্রেড কমিশনের পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হবে। পাশাপাশি অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনায় আধুনিক প্রযুক্তি ও পদ্ধতির সাথে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তাগণকে পরিচয় করানো হবে। এছাড়াও মামলা পরিচালনা এবং প্রতিযোগিতা আইনের কার্যকর ব্যবহার বিষয়ে জাপান ফেয়ার ট্রেড কমিশনের অভিজ্ঞতা ও তথ্য আদান-প্রদান করা সম্ভব হবে।

  
20/04/2025  
**Nur Uddin Zubair**  
Assistant Director  
Bangladesh Competition Commission  
Ministry of Commerce